দৈনিক ইত্তেফাক

তারিখ 04 DEC 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

02

# পরীক্ষার রেজাল্টে ক্ষুব্ধ হইয়া ভাংচুর, শিক্ষকদের ঘেরাও

পাবনা সংবাদদাতা ॥ গতকাল শনিবার পাবনা পলিটেকনিক ইনষ্টিটিউটের শেষ বর্ষের ছাত্ররা কারিগরি শিক্ষা বোর্ড হইতে প্রাপ্ত ফাইনাল পরীক্ষার রেজাল্ট

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার রেজাল্ট

(১ম পৃঃ পর)

শিট দেখিয়া ক্ষুব্ধ হইয়া ইনষ্টিটিউট অফিস ও শিক্ষকদের হোষ্টেলে হামলা ও ব্যাপক ভাংচুর করে। ঐ সময় কয়েকটি ককটেল ও হাতবোমা বিস্ফোরণ ঘটান হয়। শিক্ষকরা তাড়া খাইয়া ইনষ্টিটিউটে আশ্রয় নিলে তাহাদের ৫ ঘন্টা ঘেরাও করিয়া রাখা হয়। ছাত্ররা কারিগরী পরীক্ষার আশানুরূপ ফলাফল না পাওয়ায় শিক্ষকদের দায়ী করে। জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থলে পেঁৗছিয়া শিক্ষকদের উদ্ধার করেন। কেহ গ্রেফতার হয় নাই।